

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯২৪

ধর্মনগর, ২২ ফেব্রুয়ারি, ২০২৪

**উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক সরস মেলার উদ্বোধন**

উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক তিনদিন ব্যাপী সরস মেলা গতকাল থেকে ধর্মনগরে শুরু হয়েছে। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে বিবিআই মাঠে আয়োজিত এই সরস মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, বর্তমানে স্বসহায়ক দলের সংখ্যা আগের চেয়ে বেড়েছে। মহিলাদের অর্থনৈতিক দিকে স্বাবলম্বী করার লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এদিনের উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, সমাজসেবী শ্যামল নাথ প্রমুখ। সরস মেলায় জেলার মোট ৬৩টি স্বসহায়ক দল তাদের উৎপাদিত পণ্যসামগ্রী প্রদর্শন করেন ও বিক্রি করেন। এদিনের অনুষ্ঠানে ৫টি ভিলেজ অর্গানাইজেশনকে কমন সার্ভিস সেন্টারের পরিকাঠামো সম্বলিত মোবাইল ভ্যান প্রদান করা হয়। এছাড়াও ৮ জন ব্যাকিং করেসপন্ডেন্ট সখীকে মন্ত্র ডিভাইস প্রদান করা হয়। সরস মেলার তিনদিনই অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*